অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) সিরাকিউজ এবং ওনোন্ডাগা কাউন্টিতে অপরাধের মোকাবেলা করতে এবং জননিরাপত্তা সমর্থন করতে 23.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করলেন

তরুণদের জড়িত থাকা উদ্বেগজনক জননিরাপত্তা ধারার পর, গভর্নর তরুণ ডাইভার্শন কর্মসূচি তৈরিতে নতুন 2.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করেছেন

এলাকার সহিংসতা সমাধান করা সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহকে সমর্থন করার জন্য প্রোজেক্ট RISE এর দ্বিতীয় বছরের তহবিলে 2 মিলিয়ন মার্কিন ডলার

স্টেটব্যাপী বন্দুক সহিংসতা নির্মূল উদ্যোগে ওনোন্ডাগা কাউন্টির জন্য রেকর্ড 3.2 মিলিয়ন মার্কিন ডলার আইন শৃঙ্খলা রক্ষাকারী বিনিয়োগ

ওনোন্ডাগা কাউন্টির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিতে অতিরিক্ত 3.2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে স্থানীয় পুলিশের জন্য রেকর্ড তহবিল প্রদান গভর্নর অব্যাহত রাখছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে সিরাকিউজ সিটি এবং ওনোন্ডাগা কাউন্টিতে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনের জন্য 23.5 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের জননিরাপত্তা বিনিয়োগের উপর আলোকপাত করেছেন, যার মধ্যে রয়েছে সেবা বলীয়ান করার জন্য ডাইভার্শন কর্মসূচি প্রতিষ্ঠা করার জন্য এবং মামলায় জড়িয়ে পড়া তরুণদের শিক্ষা ও চাকরির সুযোগের সাথে সংযুক্ত করার জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার। একই সময়ে, গভর্নর Hochul (হোকল) স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগের মাধ্যমে স্টেটের রেকর্ড পরিমাণ 3.2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, কাউন্টির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের জন্য প্রযুক্তি ও সরঞ্জাম অর্থায়নে 3.2 মিলিয়ন মার্কিন ডলার, এবং বন্দুক সহিংসতার প্রভাব সমাধান ও তরুণদের সুযোগ প্রদান করা সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহকে সমর্থন করার জন্য প্রোজেক্ট সাড়াদান, বিনিয়োগ, টেকসই, ক্ষমতায়নের (Respond, Invest, Sustain, Empower, RISE) এর মাধ্যমে দ্বিতীয় বছরে 2 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদানের বিস্তারিত প্রদান করেছেন।

"জননিরাপত্তা আমার এক নম্বর অগ্রাধিকার, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের আরো সমর্থন প্রদান করে, বন্দুক সহিংসতা প্রতিরোধ উদ্যোগ বলীয়ান করে এবং তরুণদের ডাইভার্শন কর্মসূচি

সম্প্রসারিত করার মাধ্যমে সিরাকিউজ ও ওনোন্ডাগা কাউন্টির বাসিন্দাদের নিরাপদ রাখতে আমাদের প্রয়াসকে আমরা বৃদ্ধি করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্থানীয় চাহিদাকে কেন্দ্র করা একটি বহুমুখী পন্থাকে ব্যবহার করে আমরা অপরাধ কর্মকাণ্ডে লাগাম লাগাতে এবং আরো নিরাপদ এলাকা ও সম্প্রদায় তৈরি করতে কাজ করছি।"

স্থানীয় নির্বাচিত এবং সম্প্রদায়ের নেতৃত্ববৃন্দের সাথে সাক্ষাৎ করার পর গভর্নর হোকল সিরাকিউজ সিটি এবং ওনোন্ডাগা কাউন্টির জন্য স্টেটের বিনিয়োগসমূহের বিস্তারিত প্রদান করেন, যা পরিচালনা করবে স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ (Division of Criminal Justice Services, DCJS)। এরপর তারা কিশোরেরা জড়িত আছে এমন সম্পত্তির অপরাধ বৃদ্ধি, যা এই বছরের প্রথম নয় মাসে 2023 সালের একই সময়কালের তুলনায় সিরাকিউজে সার্বিক অপরাধকে বৃদ্ধি করে দিচ্ছে, তার মোকাবেলায় সমাধান সনাক্ত করেছেন।

বিচার ব্যবস্থায় জড়িয়ে পড়া তরুণদের দক্ষতার বিকাশ করতে কাঠামোবদ্ধ ক্লাস, শিক্ষা ও বিচার ব্যবস্থায় সামাল দেওয়ার জন্য সমর্থন, এবং অপরাধ বিচার ব্যবস্থার সাথে আরো জড়িত হওয়া এড়ানোর লক্ষ্য নিয়ে ইন্টার্নশিপ এবং অন্যান্য সংস্থান প্রদান করার জন্য নিবেদিত একটি নতুন কর্মসূচি প্রতিষ্ঠা করতে সিরাকিউজ সিটি 1.5 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল পাবে।

পাশাপাশি, ওনোন্ডাগা কাউন্টির প্রবেশন বিভাগের (Onondaga County Probation Department) মধ্যে তরুণদের বিচারের বিকল্প এবং ডাইভার্শন কর্মসূচি ও সেবা উন্নত করার জন্য অতিরিক্ত 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন।এইসব তরুণ মানুষের জীবনে হস্তক্ষেপ করার জন্য, তাদের চিন্তাধারা ও আচরণ পরিবর্তন করতে, এবং ইতিবাচক বিকাশের প্রচার করতে স্থানীয় সরকার ও সম্প্রদায়ভিত্তিক সংগঠনের ধারণক্ষমতা গঠন করতে সাহায্য করার জন্য এই বিনিয়োগটি DCJS এর প্রদত্ত নিবেদিত কারিগরি সহায়তার সাথে যৌথভাবে কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতা এবং সহিংস অপরাধ হ্রাস করতে আমরা ব্যাপক অগ্রগতি করেছি, কিন্তু পুরো স্টেটের সম্প্রদায়সমূহের প্রত্যেকের নিজস্ব অনন্য সমস্যা রয়েছে। সকলের জন্য এক পন্থার উপর নির্ভর না করে থেকে সম্প্রদায় নির্দিষ্ট অপরাধের বৃদ্ধি সমাধান করার জন্য সার্বিক কৌশল ও কর্মসূচি তৈরি করতে আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সম্প্রদায়ের সদস্যদের সাহায্য করার জন্য যাতে DCJS এর কাছে রেকর্ড পরিমাণ সংস্থান উপলভ্য থাকে তা নিশ্চিত করাকে গভর্নর হোকল একটি অগ্রাধিকার করেছেন। আমাদের স্থানীয় অংশীদারদের কথা শুনে, তাদের থেকে শিক্ষাগ্রহণ করে, এবং বিনিয়োগ করার মাধ্যমে আমরা আরো বলীয়ান, আরো নিরাপদ এলাকা তৈরি করছি।"

জননিরাপত্তা উন্নত করতে, অপরাধের বৃদ্ধির মোকাবেলা করতে এবং সমস্যার একটি বহুমুখী পন্থার গুরুত্ব উপলব্ধি করার মাধ্যমে বন্দুক সহিংসতা আরো হ্রাস করতে গভর্নর হোকলের সার্বিক পরিকল্পনার জন্য এই দুইটি নতুন বিনিয়োগ অপরিহার্য। আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি এবং সম্প্রদায়ের অংশীদারদের জড়িত, সমর্থন এবং অর্থায়নের মাধ্যমে; প্রযুক্তি ও ডেটাকে কাজে লাগিয়ে; এবং প্রমাণভিত্তিক কৌশল বাস্তবায়ন ওরে স্টেট স্থানীয়দেরকে তাদের অনন্য

অপরাধ সমস্যা সমাধানে সাহায্য করতে পারবে এবং একই সাথে এলাকা ও পরিবারের নিরাময় ও তাদের বলীয়ান করবে।

সিরাকিউজ সিটি এবং ওনোন্ডাগা কাউন্টির এইসব উদ্যোগের মধ্যে রয়েছে:

প্রোজেক্ট RISE: সিরাকিউজের 11টি সম্প্রদায়ভিত্তিক সংগঠনের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার যারা ঝুঁকিপূর্ণ বা সহিংসতা দ্বারা প্রভাবিত তরুণ ও পরিবারদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা, সঙ্কটকালীন হস্তক্ষেপ, মেন্টরিং, এবং ভোকেশনাল প্রশিক্ষণ ও চাকরি, আর্থিক সাক্ষরতা, এবং দ্বন্দ্বের সুরাহা, ইত্যাদি সেবা প্রদান করে। সিরাকিউজ এই নিয়ে দ্বিতীয় বছরের মতো এই উদ্যোগের মাধ্যমে তহবিল লাভ করছে, যা সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে জড়িত হয়ে এমন ক্ষুদ্রতর, তৃণমূল সংগঠনসমূহকে সনাক্ত ও সমর্থন করে যারা জীবন পরিবর্তনকারী কাজ করছে কিন্তু যাদের স্টেটের অর্থায়ন লাভ করার মতো প্রশাসনিক সক্ষমতা নেই। প্রোজেক্ট RISE তিনটি শীর্ষ সংগঠনকে তহবিল প্রদান করবে - কমিউনিটি অল্টারনেটিভ সেন্টার (Center for Community Alternatives) এবং হিলসাইড চিলড্রেন্স সেন্টার (Hillside Children's Center) (উভয়ের জন্য 500,000 মার্কিন ডলার করে) এবং অন পয়েন্ট ফর কলেজ (On Point for College) (1 মিলিয়ন মার্কিন ডলার), তারা আটটি ক্ষুদ্রতর সংগঠনের সাথে তহবিল ভাগ করে নিবে: রাইজ এবাভ পোভার্টি (Rise Above Poverty), ইমেজ ইনিশিয়েটিভ (Image Initiative), ফিয়ারলেস কুইন্স (Fearless Queens), প্রোজেক্ট SAVE (Project SAVE), ডাইভার্সিফাই নিউ ইয়র্ক (Diversify NY), হাফ হুড হাফ হোলিস্টিক (Half Hood Half Holistic), গুড লাইফ ইয়ুথ ফাউন্ডেশন (Good Life Youth Foundation) এবং ক্লিঙ্ক কিডস (Klink Kids)।

বন্দুক জড়িত সহিংসতা নির্মূল উদ্যোগ এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের অপরাধ বিশ্লেষণ কেন্দ্র: ওনোন্ডাগা কাউন্টি GIVE অংশীদার, সিরাকিউজ পুলিশ বিভাগ এবং কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের জন্য 3.2 মিলিয়ন মার্কিন ডলার, এবং অপরাধ বিশ্লেষণ কেন্দ্রকে (Crime Analysis Center) সমর্থন করার জন্য 1.1 মিলিয়ন মার্কিন ডলার, যা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের সাথে অংশীদারিত্বে স্টেটের অর্থায়িত ও সমর্থিত নেটওয়ার্কের 11টির মধ্যে একটি।

সিরাকিউজ পুলিশ বিভাগ (Syracuse Police Department) হলো GIVE, যার জন্য এজেন্সিসমূহকে গুলির ঘটনা ও অন্যান্য সহিংস অপরাধ হ্রাস করতে প্রমাণভিত্তিক কৌশল ব্যবহার করতে হয়, তার মাধ্যমে প্রায় 36 মিলিয়ন মার্কিন ডলার প্রাপ্ত 21টি কাউন্টির 28টি বিভাগের একটি।শুধু গত বছরেই, সেন্ট্রাল নিউ ইয়র্ক অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের কর্মীরা বাস্তব সময়ের অনুসন্ধানী সহায়তা প্রদান করেছে এবং 12,443টির বেশি সেবা প্রদানের অনুরোধের সামাল দিয়েছে, এমন ডেটা, তথ্য এবং অনুসন্ধানমূলক সূত্র প্রদান করেছে যা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য খুন, গাড়ি এবং খুচরা চুরির চক্রের সমাধান করতে এবং কাউন্টির সড়ক থেকে অবৈধ বন্দুক অপসারণ করা সম্ভব করেছে। সব মিলিয়ে, অপরাধ বিশ্লেষণ কেন্দ্র নেটওয়ার্ককে (Crime Analysis Center Network) সমর্থন করার জন্য স্টেট 18 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে।

এই বিনিয়োগগুলি ফলাফল সৃষ্টি করছে: 2024 সালের প্রথম নয় মাসে সিরাকিউজে বিগত বছরের একই সময়কালের তুলনায় গুলির ঘটনায় আহত হওয়ার সংখ্যা 29 শতাংশ হ্রাস

পেয়েছে, এবং পাঁচ বছরের (2019-2024) গড় বিবেচনা করলে তা 44 শতাংশ হ্রাস পেয়েছে। সিরাকিউজে 2024 সালের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত, বিগত বছরের একই আট মাসের সাথে তুলনা করলে সহিংস অপরাধ 5 শতাংশ হ্রাস পেয়েছে; এটি সর্বশেষ উপলভ্য ডেটা।

SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি: যোগ্য বার্তাবাহক এবং গুলির ঘটনা হ্রাস ও জীবন রক্ষার জন্য কাজ করা আউটরিচ কর্মী, হাসপাতালের সাড়াদানকারী, সমাজ কর্মী এবং কেস ব্যবস্থাপকদের তহবিল প্রদান করতে সিরাকিউজ কমিউনিটি কানেকশন্স (Syracuse Community Connections), এবং আপস্টেট মেডিকেল সেন্টারের (Upstate Medical Center) জন্য প্রায় 2.3 মিলিয়ন মার্কিন ডলার। SNUG উৎস সনাক্ত করা, বিস্তার রোধ করা এবং সহিংসতা দ্বারা আক্রান্ত ব্যক্তি, পরিবার ও সম্প্রদায়সমূহের চিকিৎসা করার মাধ্যমে বন্দুক সংক্রান্ত সহিংসতার সমাধান করতে একটি জনস্বাস্থ্যের পন্থা অবলম্বন করে। সিরাকিউজ হলো এই কর্মসূচিতে অংশগ্রহণকারী পুরো স্টেটের 14টি সম্প্রদায়ের মধ্যে একটি। এই বছরে SNUG এর জন্য স্টেটের মোট বিনিয়োগ হলো 20.3 মিলিয়ন ডলার।

আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রযুক্তি ও সরঞ্জাম (Law Enforcement Technology and Equipment, LETECH): অপরাধ প্রতিরোধ ও সমাধান এবং জননিরাপত্তা উন্নত করতে নতুন প্রযুক্তি এবং সরঞ্জামের জন্য ওনোন্ডাগা কাউন্টির 14টি পুলিশ এজেন্সিসমূহের জন্য প্রায় 3.2 মিলিয়ন মার্কিন ডলার। লাইসেন্স প্লেট রিডার, মোবাইল এবং ফিক্সড ক্যামেরা সিস্টেম, কম্পিউটার-সহায়ক ডিসপ্যাচ সিস্টেম, সফটওয়্যার, মানবহীন আকাশযান, বন্দুকের গুলি সনাক্তকরণ যন্ত্র এবং টহলের যানবাহন ও পুলিশ অফিসারদের জন্য স্মার্ট সরঞ্জামের মতো বিভিন্ন ধরণের সরঞ্জাম এবং প্রযুক্তির জন্য তহবিলটি সমর্থন প্রদান করবে।

অন্তরঙ্গ সহিংসতার ক্ষেত্রে স্টেটব্যাপী অভীষ্ট হ্রাস (Statewide Targeted Reductions in Intimate Violence, STRIVE) উদ্যোগ: ওনোন্ডাগা কাউন্টির জন্য প্রায় 1.9 মিলিয়ন মার্কিন ডলার। অন্তরঙ্গ সঙ্গীর শোষণ এবং গৃহ নির্যাতনের জননিরাপত্তা সাড়াদান বলীয়ান করা এবং ভুক্তভোগীদের আরো ভালোভাবে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক সিটি এবং ওনোন্ডাগা এবং পাঁচটি বরোর বাইরের অন্য 19টি কাউন্টি রেকর্ড পরিমাণ 35 মিলিয়ন মার্কিন ডলার ভাগ করে নিবে। GIVE এর আদলে তৈরি STRIVE এর জন্য প্রত্যেক কাউন্টির আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সম্প্রদায়ের অংশীদারদের প্রমাণভিত্তিক কৌশল ব্যবহার করতে হবে এবং নিশ্চিত করতে হবে যাতে সম্প্রদায়ের সদস্য এবং ভিকটিম ও ভুক্তভোগীদের সেবাদান করে এমন কর্মসূচিসমূহকে সক্রিয়ভাবে কৌশলের বাছাই ও বাস্তবায়নে জড়িত করা হয়। নিম্নলিখিত এক বা একাধিক কৌশল অবশ্যই ব্যবহার করতে হবে: গৃহ নির্যাতনের উচ্চ ঝুঁকির দলগত মডেল, মারাত্মক মাত্রার মূল্যায়ন কর্মসূচি, বা অন্তরঙ্গ সঙ্গীর নির্যাতনে হস্তক্ষেপ।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ স্টেটের অপরাধ ন্যায়বিচার ব্যবস্থার সকল দিকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে, যার মধ্যে আইন প্রয়োগকারী এবং অন্যান্য অপরাধ ন্যায়বিচার পেশাদারদের প্রশিক্ষণ প্রদান; স্টেটব্যাপী অপরাধ ও কর্মসূচির ডেটা বিশ্লেষণ; গবেষণা সমর্থন প্রদান; এবং অপরাধ ন্যায়বিচারের অনুদান তহবিল ব্যবস্থাপনা করা অন্তর্ভুক্ত, কিন্তু তা এইসবে সীমাবদ্ধ নয়। DCJS কে ফেসবুক, ইনস্টাগ্রাম এবং X এ ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন